২৬

দৈনিক সংবাদ

তারিখ 05 JUL 1997
পৃষ্ঠা ১ কলাম ২

হাল চাল

# সিট সংকট প্রকট প্রতি ৩ জনে ১টি

## ❑ নেতাদের রাজকীয় আবাস

কৈলাস সরকার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে গড়ে প্রতি ৩ জন শিক্ষার্থীর জন্য রয়েছে একটি করে সিট। ফলে বহুসংখ্যক শিক্ষার্থীকে সিটে আসার সময় গুনতে হচ্ছে– মাসের পর মাস ধরে, অবর্ণনীয় কষ্ট স্বীকার করতে হয় গ্রাম থেকে আসা শিক্ষার্থীদের। অথচ কোন কোন হলে নানাদলের ছাত্রনেতা বা তাদের পোষ্যরা আছেন রাজকীয় হালেই। গোটা রুম দখল করে হিটার, স্টেরিও, টিভিসহ সাজানো তাদের রুমগুলো। অনেক হলে অছাত্র বা বহিরাগতদের দখলে রয়েছে বহু সিট।

সম্প্রতি হাতে আসা এক সমীক্ষা অনুযায়ী দেখা যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ছাত্রছাত্রীর সংখ্যা ২৫ হাজার ৪শ' ২৯। এর মধ্যে ১৭ হাজার ৩শ' ৯১ জন ছাত্র এবং ৮ হাজার ৩১ জন ছাত্রী। এছাড়াও চলতি শিক্ষাবর্ষ হতে নতুন ভর্তিকৃত ছাত্রছাত্রী নিয়ে এর সংখ্যা দাঁড়াবে ৩০ হাজারের উপরে।

এই বিশাল শিক্ষার্থীদের গ্রাম থেকে আসা বড় অংশেরই ভরসা হচ্ছে হলের সিট। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের জন্য ১৪টি আবাসিক হল রয়েছে। এর মধ্যে ১১টি ছাত্র হল এবং ৩টি ছাত্রী হল। এগুলো ছাড়াও আন্তর্জাতিক ছাত্রাবাস, আই বিএ হোস্টেলেও কিছু ছাত্রের আবাসন ব্যবস্থা রয়েছে। সমীক্ষায় দেখা গেছে সব মিলিয়ে ছাত্রদের সিট রয়েছে মাত্র ৭ হাজার ৯৯টি এবং ছাত্রীদের জন্য মাত্র ২ হাজার ৫শ' ৬৬টি।

সাধারণত বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্র/ছাত্রী ভর্তি হওয়ার ২ বছর পার না হলে অর্থাৎ সে কমপক্ষে ২য় বা ৩য় বর্ষে না উঠা পর্যন্ত সিট পায় না। ফলে এই সময় তাদেরকে বাইরে থেকে বা বিকল্পভাবে ঢাকায় থেকে ক্লাস করতে হয়।

এই সময়টিতে অনেককে মেস্ হোস্টেল এমনকি লজিংয়ে থাকতে হয়। আবার অনেকে কেবল মাত্র সিট সমস্যায় কারণেই দূর–দূরান্ত থেকে বাদুড় ঝোলা হয়ে বাসে চড়ে প্রতিদিন আসা যাওয়া করে। সাধারণ ছাত্রদের এত সব সমস্যা থাকা সত্ত্বেও নেতা বলে পরিচিত ছাত্ররা বেশ আরাম আয়েশেই হলে অবস্থান করছেন। কোন কোন ছাত্রনেতার একার জন্যই একটি রুম বরাদ্দ রয়েছে। শুধু তাই নয়, এসব রুমে সিলিং ফ্যান, কার্পেট, ওয়ারড্রবসহ রাজকীয় সুযোগ সুবিধা রয়েছে। কোন কোন হলে অছাত্র বা বহিরাগতদের জন্য হলের সেরা সিটগুলো বরাদ্দ রয়েছে। বর্তমানে যদিও বিভিন্ন হলে বহিরাগতদের পরিমাণ সামান্য কমেছে। তারপরও যারা রয়েছে তাদেরকে উচ্ছেদ সবার জন্যই কঠিন বলে মনে হয়।

কর্তৃপক্ষের ঘোষণা অনুযায়ী আরও দুটি হল নির্মাণের কথা রয়েছে। তাতে বড়জোর আরও এক হাজার ছাত্রের আবাসন ব্যবস্থা হবে। কিন্তু ঐ হল নির্মিত হয়ে আবাসন শুরু হতে হতে সমস্যা আবার আগের মত অবস্থাতেই চলে যাবে।